"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।**
**ওয়াস্যান কমিটির রেজুলেশন**

অদ্য ০৬/০৯/২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা ওয়াটস্যান কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা ওয়াটস্যান কমিটির সভাপতি জনাব, মো: আবু জাহের, চেয়ারম্যান উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া উপজেলা, কুমিল্লা। সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা স্থায়ী কমিটির সকল সদস্যবৃন্দ।

**সভার আলোচ্য বিষয় ঃ-** সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের (২০২১-২০২২ অর্থবছরের) নলকূপ বন্টন করা সংক্রান্ত।

**উক্ত সভায় উপস্থিত সম্মানিত সদস্য বর্গের স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:**
সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন অতপর তিনি আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব সভায় উপস্থিত হওয়ার জন্য সকল সদস্যকে ধন্যবাদ জানান।

**আলোচনা-১ ঃ** সদস্য সচিব জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প হতে ব্রাহ্মণপাড়া উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরের ২০৮ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায় বলে জানানো হয়। সে মোতাবেক সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের নলকূপগুলো স্থাপনের চূড়ান্ত স্থান নির্বাচন করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত- ১ ঃ** উক্ত প্রকল্পের নলকূপগুলো স্থাপনের জন্য স্থান নির্বাচনের বিষয়ে সকল সদস্য বিস্তারিত আলোচনা করেন। অত:পর সভাপতি মহোদয় বলেন যে, ব্রাহ্মণপাড়া উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিসে নলকূপ স্থাপনের জন্য মাননীয় এম পি মহোদয়ের সুপারিশ সহকারে প্রায় পাঁচ শতাদিক আবেদন পাওয়া যায়। এবং উক্ত আবেদনকৃত জনগণের আর্সেনিকমুক্ত নিরাপাদ পানি পানের ব্যবস্থা না থাকায়। উক্ত নলকূপগুলো জনগনের নিরাপদ পানি পানের ব্যবস্থা করার জন্য আবেদনকৃত ব্যক্তি বর্গের মাঝে নলকূপ স্থাপন করার জন্য প্রস্তাব করেন। এবং সকল সদস্য উক্ত প্রস্তাবে একমত পোষন করেন। সকল সদস্যের সম্মতিক্রমে আবেদনকৃত স্থানে জনগণের নিরাপদ পানি পানের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**আলোচনা- ২ ঃ** সদস্য সচিব জানান, যে উক্ত নলকূপগুলো ভবিষ্যতে রক্ষনাবেক্ষন করার জন্য (প্রত্যেকটির জন্য) ১০ সদস্য বিশিষ্ট্য ০১টি করে কমিটি গঠন করার জন্য তিনি সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। তা ছাড়া সদস্য সচিব আরও জানান যে, যে সকল পরিবারে পূর্বে সরকারী নলকূপ স্থাপন করা হয়েছে সে সকল পরিবারের মাঝে যেন নতুন করে কোন নলকূপ বরাদ্দ দেয়া না হয় এবং অসহায়, গরীব পরিবারের মাঝে নলকূপ গুলো বিতরণ করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত- ২ ঃ** সভাপতি মহোদয় কমিটি গঠন করে সদস্য সচিব কে সরবরাহ করার জন্য অনুরোধ করেন। অত:পর ইউনিয়ন ওয়াটসন কমিটি কর্তৃক নিম্ন লিখিত একটি কমিটি গঠন করার প্রস্তাব করেন।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

২০/০৯/২০২১
(কামাল হোসেন)
উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ব্রাহ্মণপাড়া উপজেলা, কুমিল্লা।
মোবাইল- ০১৭৫৮-৪০৮১৮১

২০/০৯/২০২১
(মোসাঃ তাহমিনা হক পপি)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া উপজেলা
ও
সভাপতি, স্থায়ী কমিটি জনস্বাস্থ্য প্রকৌশন অধিদপ্তর
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ব্রাহ্মণপাড়া , কুমিল্লা।